

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৩৩

আগরতলা, ২৩ ফেব্রুয়ারি, ২০২৪

সাংবাদিক সম্মেলনে নগরোন্নয়ন দপ্তরের সচিব
২৫ ফেব্রুয়ারি দ্বিতীয় শহরি সমৃদ্ধি উৎসবের উদ্বোধন



আগামী ২৫ ফেব্রুয়ারি, ২০২৪ থেকে আগরতলা শিশু উদ্যান প্রাঙ্গণে শুরু হতে যাচ্ছে ৮দিনব্যাপী ২য় রাজ্যস্তরীয় শহরি সমৃদ্ধি উৎসব। যা চলবে ৩ মার্চ, ২০২৪ পর্যন্ত। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে নগরোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং এই সংবাদ জানান। তিনি জানান, ত্রিপুরা শহরি আজীবিকা মিশনের উদ্যোগে আয়োজিত এই উৎসবে মোট ১৩২টি স্টল থাকবে। এরমধ্যে মনিপুর, আসাম, মিজোরাম সহ উত্তর-পূর্বাঞ্চলের স্ব-সহায়ক দলের জন্য থাকবে ১১টি স্টল, ত্রিপুরা গ্রামীণ আজীবিকা মিশনের জন্য ১০টি স্টল, স্ট্রীট ভেন্ডারদের জন্য ১০টি স্টল, ব্যাংকের জন্য ৩টি স্টল, ত্রিপুরা শহরি আজীবিকা মিশনের ৯১টি স্টল এবং বিভিন্ন সরকারি দপ্তরের জন্য থাকবে ৭টি স্টল। এই স্টলগুলোতে থাকবে শহরের স্ব-সহায়ক দলের উৎপাদিত পণ্য এবং উৎকৃষ্ট মানের খাদ্য সামগ্রী। সাংবাদিক সম্মেলনে নগরোন্নয়ন দপ্তরের সচিব জানান, আগামী ২৫ ফেব্রুয়ারি বিকেলে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা এই উৎসবের উদ্বোধন করবেন।

গ্রামীণ এলাকার স্ব-সহায়ক দলগুলোকে নিয়ে যেমন সরস মেলার আয়োজন করা হয়, সেভাবেই শহর এলাকায় স্ব-সহায়ক দলগুলোকে নিয়ে গতবছর থেকে রাজ্যস্তরীয় শহরি সমৃদ্ধি উৎসবের শুরু হয়। তিনি জানান, শহর এলাকায় বর্তমানে ১০ হাজারের মতো স্ব-সহায়ক দল রয়েছে। এই স্ব-সহায়ক দলগুলোতে প্রায় ১ লক্ষ সদস্য-সদস্যা রয়েছেন। রাজ্যস্তরীয় শহরি সমৃদ্ধি উৎসবে আগরতলা পুর নিগম সহ রাজ্যের ২০টি শহর ও নগর এলাকার স্থানীয় সংস্থার বিভিন্ন স্ব-সহায়ক দল, স্ট্রীট ভেভার এবং উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন স্বসহায়ক দল তাদের উৎপাদিত পণ্যের সমাহার নিয়ে উপস্থিত থাকবে। এছাড়া এই মেলায় নগরোন্নয়ন দপ্তরের বিভিন্ন প্রকল্পগুলোও প্রদর্শন করা হবে। নগরোন্নয়ন দপ্তরের সচিব আরও জানান, প্লাস্টিকমুক্ত ত্রিপুরা গঠনের লক্ষ্যে মেলায় আগত সমস্ত স্ব-সহায়ক দলকে বিনামূল্যে প্লাস্টিকের বিকল্প ব্যাগ প্রদান করা হবে। এছাড়াও মেলায় প্রতিদিন লাকি ড্র'র ব্যবস্থা থাকবে। প্রতিদিন এই লাকি ড্র'র মাধ্যমে নির্বাচিত একজনকে আকর্ষণীয় পুরস্কার দেওয়া হবে। সাংবাদিক সম্মেলনে এছাড়াও ত্রিপুরা আরবান লাইভলিহুড মিশনের মিশন অধিকর্তা প্রসাদ রাও ভাদ্দারাপু উপস্থিত ছিলেন।
